গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.৬৫.১৮-৮৮৭ তারিখঃ ০২/১০/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের পিটিশন নং-৭২৪৩/২০১৮ইং এর নির্দেশনা মোতাবেক মেহেরপুর জেলার সদর উপজেলাধীন মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের এমএলএসএস, জনাব মোঃ রাজীবের বকেয়া বেতন ভাতাদী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ রাজীব, এমএলএসএস, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, মেহেরপুর এর নিকট হতে একটি আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনে তিনি মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে (পিটিশন নং-৭২৪৩/২০১৮ইং) সাময়িক বরখাস্ত কালীন সময়ের ৫০ শতাংশ বকেয়া বেতন ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেন।

২। মহামান্য হাইকোর্টের উক্ত মামলায় নিম্নরূপ রায় প্রদান করেন "we have heard the learned counsel for the applicants and perused the application. we are not inclined to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 3, Director General, Bangladesh Technical Education Department, Agargaon, Dhaka-1207 to dispose of the application dated 04.02.2018 (Annexure-'G" to the writ petition) filed by the applicant within 1(one) month on receipt of this order in accordance with law. However, let us make it clear that the respondent No. 3 will be at liberty to take decision on the said application in any manner in accordance with law."

৩। উক্ত রায়ের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.৬৫.১৫-৭৯৫ তারিখঃ ১০/০৯/২০১৮ খ্রিঃ মোতাবেক পত্র প্রেরণ করা হয়। পত্রে আবেদনকারীকে ১৬/০৯/২০১৮খ্রিঃ তারিখে স্ব-শরীরে উপস্থিত হয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও শাখায় প্রয়োজনীয় কাজগপত্র ও তথ্যাদী জমা করনের জন্য অনুরোধ করা হলে তিনি পত্র মারফত প্রয়োজনীয় কাগজপত্রাদী দাখিল করেন যার ডকেট নং-১০৭৪/১৮ তারিখঃ ২৩/০৯/২০১৮খ্রিঃ।

৪। সংশ্লিষ্ট নথি ও দাখিলকৃত কাগজ পত্র যাচাই করে দেখা যায় আবেদনকারীকে এই দপ্তর হতে ০১/১০/২০১১খ্রিঃ হতে ৩১/১২/২০১৫খ্রিঃ পর্যন্ত বেতন ভাতার পূর্ণ সরকারি অংশ প্রদান করা হয়। তবে মামলা জনিত কারনে জনাব মোঃ রাজীব, এমএলএসএস কে সাময়িক বরখাস্ত করায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লিখিত সময়ে ৫০ শতাংশ বেতন ভাতা প্রদান করেন।

৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ ( ১৪ আগষ্ট ,২০১৮ সালে প্রণীত) এর ২৯.২ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের অভ্যন্তরীন বিরোধ, মামলা বা অন্য কোন প্রতিষ্ঠানিক কারণে প্রতিষ্ঠান প্রধান বা শিক্ষক-কর্মচারীর এমপিও হিসেবে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করা না হলে পরবর্তীতে তা বকেয়া হিসাবে প্রদেয় হবে না সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-বহন করবে।

এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ ( ১৪ আগষ্ট ,২০১৮ সালে প্রণীত) এর ২৯.২ ধারা মোতাবেক জনাব মোঃ রাজীব, এমএলএসএস-এর প্রাপ্য বকেয়া বেতন-ভাতা প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে মহামান্য আদালতের রীট পিটিশন নং-৭২৪৩/২০১৮ এর রায়ের নির্দেশনা নিষ্পত্তি করা হল।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ
অধ্যক্ষ,
মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.৬৫.১৮- ৮৮৭(১০) তারিখঃ ০২/১০/২০১৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
৫। সংযুক্ত কর্মকর্তা, আইনসেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(বিষয়টি বিজ্ঞ আদালতের সদয় দৃষ্টিতে নেয়ার জন্য অনুরোধ করা হল)।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
৭। সভাপতি, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, সদর, মেহেরপুর।
৮। জনাব মোঃ রাজীব, এমএলএসএস, মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ,সদর, মেহেরপুর।
৯। পিএ.টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ডি\চিঠি-নোট 2018\চিঠি-নমুনা-2018.docx